



বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি)

কৃষি ভবন

৪৯-৫১ দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০

পরিকল্পনা বিভাগ

www.badc.gov.bd

স্মারক নং- ১২.২১৮.০১৪.০০.০০.০১৫.২০১৭-৭৬

তারিখঃ ১৬ শ্রাবণ ১৪২৪ বঙ্গাব্দ
৩১ জুলাই ২০১৮ খ্রিষ্টাব্দ

বিষয়ঃ 'প্রতিকূলতা সহিষ্ণু দানাশস্য বীজ উৎপাদন, প্রক্রিয়াজাতকরণ ও বিতরণ-৩য় পর্যায়' শীর্ষক প্রকল্পের প্রকল্প বাস্তবায়ন কমিটি (পিআইসি) সভার কার্যবিবরণী প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বিগত ১১ জুন ২০১৮ তারিখ রোজ সোমবার সকাল ১১.০০ ঘটিকায় সংস্থার সম্মেলন কক্ষে (কৃষি ভবনস্থ ১১ তলায়) বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ডের অর্থায়নে বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি) কর্তৃক বাস্তবায়নধীন 'প্রতিকূলতা সহিষ্ণু দানাশস্য বীজ উৎপাদন, প্রক্রিয়াজাতকরণ ও বিতরণ-৩য় পর্যায়' শীর্ষক প্রকল্পের প্রকল্প বাস্তবায়ন কমিটির (পিআইসি) সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ প্রকল্প বাস্তবায়ন কমিটি সভার কার্যবিবরণী।

১২/৭/১৮

(আহমেদ হাসান আল মাহমুদ)

প্রধান, পরিকল্পনা

বিএডিসি, ঢাকা।

ফোনঃ ৯৫৬৯৫৬৮

ই-মেইলঃ chiefplanning@badc.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ড, পুরাতন বন ভবন, মহাখালী, ঢাকা। (একজন উপযুক্ত প্রতিনিধি প্রেরণের অনুরোধসহ)
২. যুগ্মসচিব (পিপিবি), কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।
৩. জেলা প্রশাসক, সদর ঘাট, ঢাকা। (একজন উপযুক্ত প্রতিনিধি প্রেরণের অনুরোধসহ)।
৪. সিনিয়র সহকারী প্রধান, নীতি-৩ শাখা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।
৫. মহাব্যবস্থাপক (বীজ), বিএডিসি, ঢাকা।
৬. প্রকল্প পরিচালক, প্রতিকূলতা সহিষ্ণু দানাশস্য বীজ উৎপাদন, প্রক্রিয়াজাতকরণ ও বিতরণ-২য় পর্যায়, বিএডিসি, ঢাকা।
৭. উপপ্রধান (মনিটরিং), বিএডিসি, ঢাকা। (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

অনুলিপিঃ

১. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বিএডিসি, ঢাকা।
২. সদস্য পরিচালক (বীজ ও উদ্যান) মহোদয়ের সহঃ ব্যক্তিগত কর্মকর্তা, বিএডিসি, ঢাকা।
৩. অফিস কপি/মাষ্টার ফাইল।

বিগত ১১ জুন, ২০১৮ তারিখে “প্রতিকূলতা সহিষ্ণু দানাশস্য বীজ উৎপাদন, প্রক্রিয়াজাতকরণ ও বিতরণ প্রকল্প - ৩য় পর্যায়” শীর্ষক প্রকল্পের উপর অনুষ্ঠিত প্রকল্প বাস্তবায়ন কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি : মোঃ নাসিরুজ্জামান, চেয়ারম্যান, বিএডিসি।
তারিখ ও সময় : ১১ জুন, ২০১৮; সকাল ১০.০০ ঘটিকা।
স্থান : সম্মেলন কক্ষ, বিএডিসি, কৃষি ভবন, ঢাকা।

সভায় উপস্থিত কমিটি'র সদস্য এবং কর্মকর্তাদের তালিকা পরিশিষ্ট 'ক' তে সন্নিবেশিত হলো।

সভার উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু হয়। সভায় প্রকল্প পরিচালককে সভার আলোচ্য বিষয়সমূহ উপস্থাপন করার জন্য অনুরোধ জানানো হলে প্রকল্প পরিচালক সভার কার্যপত্র উপস্থাপন করেন।

উপস্থাপিত বিষয়সমূহ নিম্নরূপঃ-

ক্রমিক নং	সভার আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত
১.	প্রকল্পের সংক্ষিপ্ত পরিচিতি	প্রকল্প পরিচালক প্রকল্পের সংক্ষিপ্ত পরিচিতি তথা প্রকল্পের উদ্দেশ্য, লক্ষ্য, প্রকল্প এলাকা, গৃহীতব্য কার্যক্রম ইত্যাদি সভায় উপস্থাপন করেন। প্রকল্প পরিচালক জানান যে, বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট (বিসিসিটি) ফান্ডের অর্থায়নে বিএডিসি কর্তৃক বাস্তবায়নের লক্ষ্যে গত ১১/০২/২০১৮ ইং তারিখে পরিবেশ ও বন মন্ত্রণালয় কর্তৃক প্রকল্পটি অনুমোদিত হয়। প্রকল্পটির মোট প্রাক্কলিত ব্যয় হলো ১৩৫২.৬৩ লক্ষ টাকা এবং প্রকল্পের মেয়াদ জানুয়ারি ২০১৮ হতে ডিসেম্বর ২০১৮ পর্যন্ত। প্রকল্পের এ পর্যায়ে বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট (বিসিসিটি) হতে কোন অর্থ ব্যয় করা হবে না। প্রকল্পের পূর্বের ফেইজের আওতায় বীজ বিক্রয়ের মাধ্যমে আয় হয়েছে বর্ষিত ১৩৫২.৬৩ লক্ষ টাকা যা ঘূর্ণায়মান তহবিল/রিভলভিং ফান্ড হিসাবে এ প্রকল্পে ব্যয় হবে।	প্রকল্পের লক্ষ্যমাত্রা অনুযায়ী সকল কার্যক্রম অব্যাহত রাখতে হবে।
২.	চলতি অর্থ বছরে প্রকল্পের আর্থিক ও ভৌত অগ্রগতি	প্রকল্প পরিচালক জানান যে, চলতি ২০১৭-১৮ অর্থ বছরে ১৩৫২.৬৩ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে মে/১৮ পর্যন্ত ১৪৫.২০ লক্ষ টাকা ব্যয় হয়েছে। চলতি ২০১৭-১৮ অর্থ বছরে ২৬৪০ মে.টন বীজ সংগ্রহ লক্ষ্যমাত্রার বিপরীতে মে/১৮ পর্যন্ত অর্জিত হয়েছে ২৫৪০ মে.টন। এ পর্যন্ত প্রকল্পের ক্রমপুঞ্জি আর্থিক অগ্রগতি ১১% এবং ক্রমপুঞ্জি ভৌত অগ্রগতি ৯৬%।	প্রকল্প মেয়াদ অর্থাৎ ডিসেম্বর-২০১৮ মাসের মধ্যে প্রকল্পের আর্থিক ও ভৌত অগ্রগতি শতভাগ অর্জন করা হবে।
৩.	বীজ উৎপাদন সংক্রান্ত	প্রকল্প পরিচালক জানান যে, প্রকল্প মেয়াদে ২৬৪০ মে.টন প্রতিকূলতা সহিষ্ণু বিভিন্ন জাতের দানা শস্য বীজ উৎপাদন ও সংগ্রহ লক্ষ্যমাত্রার বিপরীতে মে/১৮ পর্যন্ত ২৫৪০.০০ মে.টন দানা শস্য বীজ উৎপাদন ও সংগ্রহ কার্যক্রম সম্পন্ন হয়েছে। বীজ সংগ্রহ কার্যক্রম চলমান আছে। কমিটি বীজ উৎপাদনের লক্ষ্যমাত্রা শতভাগ অর্জনের পরামর্শ প্রদান করেন।	ডিপিপির লক্ষ্যমাত্রা অনুযায়ী শতভাগ বীজ উৎপাদন, প্রক্রিয়াজাতকরণ ও বিতরণের কার্যক্রম সম্পন্ন করতে হবে।
৪.	পিএসসি সভা	সভায় কৃষি মন্ত্রণালয়ের সিনিয়র সহকারী প্রধান জনাব এস এম ইমরুল হাসান প্রকল্পের কর্মকর্তাদের উপর একটি পিএসসি সভা আহবানের বিষয়ে আলোচনা করেন।	আগামী আগস্ট-২০১৮ এর মধ্যে পিএসসি'র সভা আহবান বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

০২. পরিশেষে আর কোন বিষয়ে আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার পরিসমাপ্তি ঘোষণা করেন।

1
মোঃ নাসিরুজ্জামান
চেয়ারম্যান, বিএডিসি
২০/৬/১৮
ও
সভাপতি
প্রকল্প বাস্তবায়ন কমিটি